দৈনিক ইত্তেফাক

তারিখ ... 05 JUL 1993 ...
পৃষ্ঠা ... ১০ ... কলাম ... ২

# সেশন জট নিরসনের ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে -শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমির উদ্দিন সরকার ঢাকায় ফজলুল হক মহিলা কলেজ প্রাংগণে তাঁহার সম্মানে প্রদত্ত এক সম্বর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে বলেন, বর্তমান সরকার যথাসময়ে পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশের মাধ্যমে শিক্ষা ক্ষেত্রে শৃংখলা প্রতিষ্ঠার ব্যবস্থা গ্রহণ করিয়াছে। কলেজের অধ্যক্ষা মিসেস মুশতারী জামানের সভাপতিত্বে এ অনুষ্ঠানে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী সাদেক হোসেন ও কলেজ পরিচালনা পরিষদের চেয়ারম্যান প্রফেসর ডঃ ইয়াজউদ্দিন আহমেদ বিশেষ অতিথির ভাষণ দেন।

শিক্ষামন্ত্রী বলেন, ইতিমধ্যেই শিক্ষাংগনে সেশন জট নিরসনে বাস্তবমুখী ব্যবস্থা গ্রহণ করা হই য়াছে। তিনি বলেন, বিএনপি সরকার ২000 সালের মধ্যে দেশ হইতে নিরক্ষরতা দূর করিতে প্রতিশ্রুতিবদ্ধ। তিনি ছাত্রীদেরকে দেশের যোগ্য নাগরিক হিসাবে গড়িয়া তোলার লক্ষ্যে জ্ঞানসাধনায় ব্রতী হওয়ার আহ্বান জানান।

বিশেষ অতিথির বক্তৃতায় যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী সাদেক হোসেন বলেন, বর্তমান সরকার শিক্ষা খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়াছে এবং নারী শিক্ষার প্রতি বিশেষ গুরুত্ব দেওয়া হইতেছে।

—তথ্য বিবরণী